গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

# যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৩৭তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ১৫ নভেম্বর ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাকে অবহিত করা হয় যে, ২০১৮-২০১৯ অর্থবছরের কর্ম পরিকল্পনা অনুমোদিত হয়েছে এবং তার কপি টিমের সদস্য সহ সংশ্লিষ্ট স্থানে পাঠানো হয়েছে। কর্মপরিকল্পনায় নির্ধারিত এজেন্ডা বাস্তবায়নের জন্য সদস্যগণ বরাবর দায়িত্ব নির্ধারন করা আছে। আশা করা হয় টিমের সদস্যগণ স্ব স্ব কার্যক্রম বাস্তবায়নে যথাযথ এবং দ্রুত ব্যবস্থা নেবেন। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন কাঠামো (২০১৮-২০১৯) সকলের অবগতি ও প্রতিপালনের লক্ষ্যে এজেন্ডাওয়ারী আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ-

| নং | উদ্দেশ্য (Objects) | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট স্থানে পাঠানো হয়েছে। | - |
| ২ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন টিমের সভা অনুদান বিষয়ক আলোচনায় সভ্যগণ মাসের ৩য় সপ্তায় আয়োজনের প্রস্তাব করেন। | প্রস্তাব মাফিক প্রতি মাসের ৩য় সপ্তাহের প্রথম দিকে সভা আহবান করা; |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | বিদেশ ভ্রমণ, এক দিনের কর্মশালা, ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ক আলোচনায় দায়িত্বপ্রাপ্ত সদস্য জনাব এ,কে,এম মফিজুল ইসলাম, উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) জানান যে, বিদেশ ভ্রমণের জন্য ০৫ জন সদস্যের তালিকা ও বাজেট সহ একটি প্রস্তাবপত্র প্রস্তুত করা প্রয়োজন। জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (চঃদাঃ) (বাস্তবায়ন) জানিয়েছেন যে, ডিসেম্বর/১৮ মাসে ২দিনের প্রশিক্ষণের পরিকল্পনা রয়েছে। | ১। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৫ দিনের মধ্যে পরিকল্পনা ও প্রশিক্ষণ মনোনয়ন চূড়ান্ত করবেন।<br><br>২। বিদেশ ভ্রমণের জন্য ০৫ জন সদস্যের তালিকা ও ভ্রমণের দেশ, বিষয় ও বাজেট সহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুতকরন; |
| ৪ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | সদস্য-সচিব জানান যে, টিমের পক্ষ হতে প্রস্তাব আহবানের প্রেক্ষিতে জেলা-উপজেলা হতে উদ্ভাবনী প্রস্তাবগুলো ধারণা/উদ্যোগ প্রেরন করা হয়েছে। প্রস্তাবগুলো- ১। ক) ঋণ বিতরণে ওয়ান ষ্টেপ সার্ভিস অর্থাৎ ঋণ বিতরনের কমিটি বিলুপ্ত করে সি এস এর প্রস্তাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষরে ঋণ বিতরণ। খ) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভর্তি পরীক্ষা উপজেলা ভিত্তিক হলে যাতায়াত খরচ ও সময় কমবে। ২। কর্মদক্ষ গ্রাম সৃজন। ৩। যুব সংগঠন নিবন্ধনের জন্য আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ। ৪। উপজেলা যুব চত্বর। ৫। স্বল্প মূল্যে বিদ্যুৎ সাশ্রয়ী রিচার্জএ্যাবল কলিংবেল তৈরি ও ৬। যুব সংগঠনের সক্রিয়করণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন এবং তালিকাভুক্ত করণে উদ্বুর্ধ করন। প্রাপ্ত প্রস্তাব বিবেচনায় দেখা যায় কোনটিই ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহণ করার সুযোগ নাই। | ১। যারা ইতোমধ্যে প্রস্তাব পাঠিয়েছেন তাদেরকে ধন্যবাদ জানানো হয়।<br><br>২। উদ্ভাবনী ধারণা প্রেরণের গাইড লাইন দিয়ে আরও ১টি পত্র দিতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | আলোচনায় হয় যে ৪টি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং এ থাকলে ও মেন্টর-মেন্টিগণের সক্রিয়তা আরো বাড়ানোর অবকাশ রয়েছে। | পাইলটিং বাস্তবায়নে নির্বাচিত মেন্টরগণ সক্রিয় হবেন এবং নভেম্বর/১৮ মাসের মধ্যে অবশ্যই পাইলটিং শেষ করতে হবে; |
| ৬ | ইনোভেশন শোকেসিং | চলমান ৪টি উদ্যোগ এবং ই-লার্নিং কন্টেন্ট দিয়ে ১টি শো-কেসিং কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | মার্চ/২০১৯ এর মধ্যে শোকেসিং করার জন্য মেন্টর ও উপপরিচালক (প্রশিক্ষণ-১) প্রস্তুতি নেবেন; |
| ৭ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | "বেকারমুক্ত গ্রাম সৃজন" জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ১টি করে উপজেলায়) বাস্তবায়নের জন্য ডিপিপি পুনরায় মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। | ডিপিপি বাস্তবায়নে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে জনাব সৈয়দ আবদুল কাইয়ুম, উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) কে অনুরোধ জানানো হয় ; |
| ৮ | ইনোভেশন মেন্টরিং | ক) জনাব সৈয়দ আবদুল কাইয়ুম, উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) সভায় জানান যে, গোপালপুর, টাঙ্গাইল এর মেন্টর জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন প্রেরন করেছেন।<br>খ) জনাব মোঃ আতাউর রহমান, সহকারী পরিচালক (শৃংখলা) সভায় জানান যে, খুব শীগ্রই ৩ জন মেন্টরের নিকট হতে চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যাবে। | পাইলটিং বাস্তবায়নে নির্বাচিত মেন্টরগণ সক্রিয় হবেন এবং নভেম্বর/১৮ মাসের মধ্যে পাইলটিং শেষ করতে হবে; |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | এ বিষয়ে ১টি নীতি প্রনীত হয়েছে। তৎভিত্তিতে ভবিষ্যতে প্রণোদনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | নীতি মাফিক ব্যবস্থা নেয়া; |
| ১০ | ইনোভেশন খাতে বরাদ্দ | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়নের জন্য মোট খরচের হিসাব বিবেচনায় আনা প্রয়োজন বলে সভ্যগণ আলোচনা করেন। সভাপতি প্রতিটি এজন্ডা বাস্তবায়ণের জন্য পরিকল্পনা ও বাজেট প্রণয়ন করতে পূর্বেই পরামর্শ দিলে ও তা বাস্তবায়িত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এ এজেন্ডা বাস্তবায়নের জন্য নুন্যপক্ষে ২৫ লক্ষ টাকার সংস্থান রাখার প্রয়োজন। তবে এজেন্ডা ভিত্তিক পরিকল্পনা ও বাজেট বরাদ্দের বিবরণ আগামী সভার পূর্বে সংশ্লিষ্টগণ পেশ করবেন; |
| ১১ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | যুব পুরস্কার প্রাপ্তগণের মধ্যে আগ্রহীগণের সাথে Mou করা গেলে আর্থিক সংশ্লিষ্ঠতা ব্যতিরেকে পার্টনারশীপে কাজ করার বিষয়ে আলোচনা হয়। | জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (চঃদাঃ) (বাস্তবায়ন), এ বিষয়ে আগামী সভায় মতামত দিবেন। |
| ১২ | ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | জনাব সালেহ্‌ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি) জানান যে, তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদ করা হয়েছে। | তথ্য বাতায়নের ইনোভেশন কর্নারে সকল তথ্য জনাব সালেহ্‌ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) হালনাগাদ করবেন; |
| ১৩ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | যুব সংগঠন সমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আওতায় আনার জন্য "ই-রেজিস্ট্রেশন ও ই-গ্রান্ট সিস্টেম" সফটওয়্যার ভেন্ডর থেকে ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়েছে। সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ছুটিতে থাকায় অগ্রগতি জানা যায়নি। | যেহেতু জনাব ফরহাত নূর, উপপরিচালক (প্রশিক্ষণ-২) এর তত্বাবধানে ইতোপূর্বে "ই-রেজিস্ট্রেশন ও ই-গ্রান্ট সিস্টেম" প্রস্তুত করা হয়েছে, কাজেই তিনি বাস্তবায়ন শাখা থেকে প্রশিক্ষণ শাখায় বদলি হলেও তিনি এ কাজের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বাস্তবায়ন শাখার সহযোগিতায় অসম্পূর্ন কাজ দ্রুত সম্পন্ন করবেন; |
| ১৪ | সেবা পদ্ধতি সহজিকরণ | প্রশিক্ষণের সনদপত্র প্রদান সহজিকরণের অনুরুপ প্রতি সদস্যের নূন্যতম ০১টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন প্রস্তাব অত্র সভায় পেশ করার সিদ্ধান্ত ছিল। কোন সদস্য প্রস্তাব সভায় পেশ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | সদস্যগণ আগামী ৭দিনের মধ্যে প্রস্তাব আইসিটি সেলের ই-মেইলে (ictdyd@gmail.com) প্রেরন নিশ্চিত করবেন; |
| ১৫ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স), সভায় উপস্থিত না থাকায় অগ্রগতি জানা যায়নি। | তাঁকে পরবর্তী সভায় হালনাগাদ তথ্য সহ উপস্থিত থাকতে হবে। |

বছরের ৫মাস সময় অতিবাহিত হলে কর্মপরিকল্পনার অগ্রগতির হার অত্যন্ত নগন্য। কাজেই দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ এজেন্ডা বাস্তবায়নে নিজ নিজ দায়িত্ব প্রতিপালনে আন্তরিক হবেন বলে সভাপতি আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৮/১১/১৮

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail:

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-৭৫

তারিখঃ২৮/১১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব------------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি।

২৮/১১/২০১৮

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক (আইসিটি)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮

## পরিশিষ্ট "ক"

১৫/১১/২০১৮ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ২. | জনাব এ কে এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম<br>উপপরিচালক (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৪. | মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | স্বাক্ষরিত |
| ৫. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৭. | খন্দকার মোঃ রওনাকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |